বরিশাল বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং বিইউ/রেজি/নিয়োগ/১০২/৭২০ তারিখ: ০৯/০৪/২০১৩

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :-

	নাম ও পদবী	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	**অধ্যাপক:** (২৯০০০-৩৫৬০০/-) **/ সহযোগী অধ্যাপক:** (২৫৭৫০-৩৩৭৫০/-) **৫টি স্থায়ী পদ** **বিভাগ:** বাংলা/ ইংরেজি/ গণিত/ সয়েল এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস/ অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ লোকপ্রশাসন/ মার্কেটিং/ ম্যানেজমেন্ট স্টাডিজ/ একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং।	**অধ্যাপক পদে** প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় অন্তত একটিতে ১ম বিভাগ/জিপিএ ৪.৫০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যেকোন ১(এক)টিতে ১ম শ্রেণি থাকতে হবে। তবে সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষার উভয়টিতে ৩.৭০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি বা এসএসসি/এইচএসসি-তে জিপিএ'র ক্ষেত্রে ৩.০০ এর কম গ্রহণ যোগ্য নয়। প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচডি কিংবা সমমানের ডিগ্রি থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয়/স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে প্রার্থীর কমপক্ষে ১২ (বার) বছরের শিক্ষাদান/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কমপক্ষে ৪(চার) বছর শিক্ষাদানের অভিজ্ঞতা থাকা আবশ্যক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত অধ্যাপকগণের ক্ষেত্রে উপর্যুক্ত শিক্ষাগত যোগ্যতার যে কোন একটি শর্ত শিথিল করা যেতে পারে। স্বীকৃতমানের জার্ণালে/বই-এ প্রার্থীর কমপক্ষে ১২ (বার)টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। শিক্ষক হিসেবে অতিরিক্ত অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদান যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। উপর্যুক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।
		সহযোগী অধ্যাপক পদে প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় অন্তত একটিতে ১ম বিভাগ/জিপিএ ৪.৫০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যেকোন ১(এক)টিতে ১ম শ্রেণি থাকতে হবে। তবে সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষার উভয়টিতে ৩.৭০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি বা এসএসসি/এইচএসসি-তে জিপিএ'র ক্ষেত্রে ৩.০০ এর কম গ্রহণযোগ্য নয়। প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচডি কিংবা সমমানের ডিগ্রি থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয়/স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে প্রার্থীর কমপক্ষে ৭(সাত) বছরের শিক্ষকতা/গবেষণাসহ অন্তত ৩(তিন) বছর সহকারী অধ্যাপক হিসেবে শিক্ষাদানের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃতমানের জার্ণালে/বই-এ প্রার্থীর কমপক্ষে ৭টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। শিক্ষক হিসেবে অতিরিক্ত অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদান যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। উপর্যুক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।
২.	**সহকারী অধ্যাপক:** (১৮৫০০-২৯৭০০/-) **/প্রভাষক:** (১১০০০-২০৩৭০/-) **৬ টি স্থায়ী পদ** **বিভাগ:** বাংলা/ ইংরেজি/ গণিত/ সয়েল এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস/ অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ লোকপ্রশাসন/ মার্কেটিং/ ম্যানেজমেন্ট স্টাডিজ/ একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং।	**সহকারী অধ্যাপক পদের** জন্য প্রভাষক পদের উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার শর্তপূরণকরাসহ প্রার্থীর বিশ্ববিদ্যালয়/স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে অন্তত ৩ (তিন) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা ও স্বীকৃতমানের জার্ণাল/বই-এ কমপক্ষে ১(এক)টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
		প্রভাষক পদে প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় অন্তত একটিতে ১ম বিভাগ/জিপিএ ৪.৫০ (স্কেল: ৫.০০) সহসংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যেকোন ১টিতে ১ম শ্রেণি থাকতে হবে। তবে সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে ৩.৭০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি বা এসএসসি/এইচএসসি-তে জিপিএ'র ক্ষেত্রে ৩.০০ এর কম গ্রহণযোগ্য নয়। উপর্যুক্ত যোগ্যতাসহ উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। উপর্যুক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।
৩.	**রেজিস্ট্রার:** (২৯০০০-৩৫৬০০/-) **/ডেপুটি-রেজিস্ট্রার:** (২২২৫০-৩১২৫০/-) **১টি স্থায়ী পদ।**	**রেজিস্ট্রার পদে** প্রার্থীর মানসম্মত শিক্ষাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে প্রশাসনিক কাজে ন্যূনতম ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা সহযোগী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয়ে ৫(পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষাদান ও প্রশাসনিক কর্মকান্ডে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। অন্যান্য দিক বিবেচনায় অধিকতর যোগ্য প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতার শর্ত শিথিল করা যেতে পারে।
		ডেপুটি-রেজিস্ট্রার পদে প্রার্থীর মানসম্মত শিক্ষাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। বিশ্ববিদ্যালয়ে সহকারী রেজিস্ট্রার বা সমমানের পদে ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজে প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১০(দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা বিশ্ববিদ্যালয়ে ১০(দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা প্রার্থীকে প্রথম শ্রেণির কর্মকর্তা হিসেবে সরকারি/স্বায়ত্ত্বশাসিত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা অথবা/এবং প্রশাসনিক কাজে ন্যূনতম ১০(দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষাদান ও প্রশাসনিক কর্মকান্ডে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। অন্যান্য দিক বিবেচনায় অধিকতর যোগ্য প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতার শর্ত শিথিল করা যেতে পারে।
৪.	**এ্যাসিস্টান্ট লাইব্রেরিয়ান:** (১৫০০০-২৬২০০/-) **১টি স্থায়ী পদ**	**এ্যাসিস্টান্ট লাইব্রেরিয়ান পদে** প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরি সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। যে কোন বিশ্ববিদ্যালয়/সরকারি/ স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কর্মকর্তা হিসেবে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৫.	**নির্বাহী প্রকৌশলী:** (১৮৫০০-২৯৭০০/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীকে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনপক্ষে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি/সমপর্যায়ের ডিগ্রিধারী হতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি বা জিপিএ'র ক্ষেত্রে ৩.০০ এর কম গ্রহণযোগ্য নয়। প্রকৌশলী হিসেবে কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে কোন বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে কমপক্ষে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৬.	**ভিসি মহোদয়ের ব্যক্তিগত সচিব:** (১৫০০০-২৬২০০/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীকে মানসম্মত শিক্ষাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। প্রার্থীর অবশ্যই ইংরেজি ও বাংলা উভয় ভাষায় পারদর্শিতা এবং কম্পিউটার ব্যবহারের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর বিশ্ববিদ্যালয় অথবা উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৭.	**পাবলিক রিলেশন অফিসার:** (১৫০০০ -২৬২০০/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। প্রার্থীর কোন সরকারি/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে জনসংযোগ বিভাগে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ স্বাধীনভাবে বিভিন্ন অনুষ্ঠান/সভা কভার করা ও প্রেস বিজ্ঞপ্তি প্রস্তুত করার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর বাংলা ও ইংরেজি উভয় ভাষায় পারদর্শিতাসহ কম্পিউটার পরিচালনার ক্ষেত্রে অভিজ্ঞতা থাকা আবশ্যক।
৮.	**মেডিকেল অফিসার:** (১১০০০-২০৩৭০/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের আওতাধীন মেডিকেল কলেজ হতে কমপক্ষে এমবিবিএস পাশ হতে হবে। এমবিবিএস ডিগ্রি ব্যতীত অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি বা জিপিএ'র ক্ষেত্রে ৩.০০ এর কম গ্রহণযোগ্য নয়। উচ্চতর ডিগ্রিধারী চিকিৎসকদেরকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। প্রার্থীর কোন বিশ্ববিদ্যালয়/সরকারি/ আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চিকিৎসক হিসেবে কমপক্ষে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৯.	**ভিসি মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা:** (১১০০০-২০৩৭০/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে। প্রার্থীদের কম্পিউটারে এম এস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিংসহ সংশ্লিষ্ট পদে কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১০.	**ভিসি মহোদয়ের প্রটোকল ও লিয়াজোঁ অফিসার:** (১১০০০-২০৩৭০/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে। প্রার্থীদের কম্পিউটারে এম এস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিংসহ সংশ্লিষ্ট পদে কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১১.	**সেকশন অফিসার** (১১০০০-২০৩৭০/-) **৩টি স্থায়ী পদ**	প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে। প্রার্থীদের কম্পিউটারে এম এস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিং ইত্যাদি কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১২.	**একাউন্টস অফিসার:** (১১০০০-২০৩৭০/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ থাকতে হবে। প্রার্থীর কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বশাসিত/বেসকারি বাণিজ্যিক প্রতিষ্ঠানে হিসাব রক্ষণ কাজে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর বাজেট ফিন্যান্সিয়াল একাউন্টস এবং ব্যালেন্স সিট তৈরীর বাস্তব জ্ঞান থাকতে হবে। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৩.	**ফিজিক্যাল ইন্সট্রাক্টর:** (১১০০০-২০৩৭০/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/বি গ্রেড এর স্নাতক ডিগ্রিসহ বিপিএড ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি/সি গ্রেড গ্রহণযোগ্য নয়। ফিজিক্যাল এডুকেশনে মাস্টার্স এবং/অথবা বিদেশে ফিজিক্যাল এডুকেশনে দীর্ঘ মেয়াদী উচ্চতর প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৪.	**প্রশাসনিক কর্মকর্তা:** (৮০০০-১৬৫৪০/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীর মানসম্মত শিক্ষাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। প্রার্থীদের কম্পিউটার ব্যবহারের বাস্তবজ্ঞান থাকা আবশ্যক। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৫.	**কম্পিউটার অপারেটর:** (৬৪০০-১৪২৫৫/-) **৪টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশসহ কম্পিউটারে ডিপ্লোমা পাশ/কম্পিউটার অপারেটিংয়ে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে বিশেষ পারদর্শী হতে হবে। শিক্ষা জীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৬.	**ফটোগ্রাফার:** (৬৪০০-১৪২৫৫/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণির স্নাতক/সমমানের ডিগ্রিধারী হতে হবে। প্রার্থীর আলোকচিত্র গ্রহণ, ল্যাবরেটরিতে ডেভেলপ ও পরিস্ফুটন, ভিডিও ক্যামেরায় রেকর্ডিং, এডিটিং, ডকুমেন্টেশন ও রেকর্ডপত্র সংরক্ষণে ন্যূনতম ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বিজ্ঞানে স্নাতক ডিগ্রি ও ফটোগ্রাফিতে ডিপ্লোমাধারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৭.	**একাউন্ট্যান্ট** (৫৯০০-১৩১২৫/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বা ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতক বা সমমানের পরীক্ষায় পাশসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে অথবা সরকারি/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে।
১৮.	**নার্স:** (৫৫০০ -১২০৯৫/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান থেকে নার্সিং এ ন্যূনপক্ষে ডিপ্লোমাধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনে প্রতিটি পরীক্ষায় সকল প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনপক্ষে জিপিএ ২.০০ বা দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে।
১৯.	**স্টোর কিপার:** (৫৫০০-১২০৯৫/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এইচএসসি বা সমমানের সার্টিফিকেটসহ স্টোর রক্ষণাবেক্ষণ কাজে কমপক্ষে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
২০.	**অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর:** (৫৫০০ -১২০৯৫/-) **২টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এইচএসসি বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার অপারেটিংয়ে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। শিক্ষা জীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
২১.	**ড্রাইভার:** (৪৯০০-১০৪৫০/-) **২টি স্থায়ী পদ**	প্রার্থীকে এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশসহ বিআরটি-এর ভারী লাইসেন্সধারী হতে হবে। দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
২২.	**ইলেকট্রিশিয়ান:** (৪৫০০-৯০৯৫/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এসএসসি বা সমমানের সার্টিফিকেটসহ বাংলাদেশ কারিগরি ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স পাশ হতে হবে। শিক্ষা জীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়।
২৩.	**কুক:** (৪৪০০-৮৫৮০/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড হতে এসএসসি বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
২৪.	**ফিল্ড এ্যাটেনডেন্ট (শারীরিক শিক্ষা দপ্তর):** (৪৪০০-৮৫৮০/-) **১টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এসএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনপক্ষে জিপিএ ২.০০ বা দ্বিতীয় বিভাগে পাশসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। প্রার্থীকে সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
২৫.	**ল্যাব এটেনডেন্ট:** (৪৪০০-৮৫৮০/-) *(হিসাব বিজ্ঞান বিজ্ঞান বিভাগের জন্য)* **১টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে এসএসসি বা সমমানের সার্টিফিকেটধারী হতে হবে। শিক্ষা জীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত অথবা ডিপ্লোমাধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২৬.	**এমএলএসএস** (৪১০০-৭৭৪০/-) *(কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং বাংলা বিভাগের জন্য)* **২টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এসএসসি বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনপক্ষে দ্বিতীয় বিভাগ/ শ্রেণি থাকতে হবে।
২৭.	**বাস হেলপার:** (৪১০০-৭৭৪০/-) **২টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
২৮.	**সিকিউরিটি গার্ড:** (৪১০০-৭৭৪০/-) *(১টি ভিসি মহোদয়ের বাস ভবনের জন্য এবং ১টি সিকিউরিটি পুলের জন্য)* **২টি স্থায়ী পদ**	প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয় এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। অবসরপ্রাপ্ত সেনাবাহিনী/পুলিশ/আনসার/ভিডিপি সদস্যদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। বিজ্ঞাপিত স্থায়ী পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে কর্মরত অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

শর্তাবলী

(ক)	বর্ণিত পদসমূহের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার বিবরণে শ্রেণি/ জিপিএ বিষয়ক অন্যরূপ নির্দেশনা না থাকলে শিক্ষাজীবনের কোন স্তরেই ৩য় বিভাগ বা জিপিএ ২.০০ এর কম গ্রহণযোগ্য নয়।
(খ)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম Website : www.barisaluniv.edu.bd থেকে ডাইনলোড করে অথবা অস্থায়ী ক্যাম্পাস (কলেজ ভবন, জিলা স্কুল, বরিশাল), কিংবা, ঢাকাস্থ লিয়াজোঁ অফিস (৪/এ, লেকসার্কাস, কলাবাগান, ঢাকা-১২০৫) থেকে ফরম প্রতি ৩০/-(ত্রিশ) টাকা নগদ প্রদানপূর্বক সংগ্রহ করে সংশ্লিষ্ট কাগজপত্রসহ অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদের জন্য ১১(এগার) সেট, সহকারী অধ্যাপক, প্রভাষক ও কর্মকর্তা পদের জন্য ০৮(আট) সেট এবং অন্যান্য পদের জন্য ০১(এক) সেট রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, অস্থায়ী কার্যালয়: কলেজ ভবন, জিলা স্কুল, বরিশাল বরাবর আগামী ২৭/০৪/২০১৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
(গ)	প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্র/ নম্বরপত্র -এর ফটোকপি, (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি ছবি, (৩) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরমেয়র/ ওয়ার্ড কমিশনার/ কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব/ জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয় পত্রের অনুলিপি। সত্যায়নকারী কর্মকর্তার অবশ্যই স্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে।
(ঘ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র (নির্ধারিত সময়ের পর) গ্রহণ করা হবে না।
(ঙ)	আবেদনকালে প্রার্থির আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে পরবর্তীতে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবেনা।
(চ)	দরখাস্তের সাথে "ভাইস-চ্যান্সেলর, বরিশাল বিশ্ববিদ্যালয়", সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা, বরিশাল এর অনুকূলে রাষ্ট্রায়ত্ব ব্যাংকের যে কোন শাখা থেকে স্কেল: ২২২৫০-৩১২৫০ থেকে ২৯০০০-৩৫৬০০ এর জন্য ১০০০/- টাকা, স্কেল: ১১০০০-২০৩৭০ থেকে ১৮৫০০-২৯৭০০ এর জন্য ৭৫০/- টাকা, ৮০০০-১৬৫৪০ এর জন্য ৫০০/-টাকা এবং বিজ্ঞাপিত অন্যান্য স্কেলের জন্য ৩০